



শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

নং- পসব্য/প্রকা/প্রশা-১৬/২০১৭-১৮/১২০৪


তারিখ : ১৩.১১.২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

একটি বাড়ি একটি খামার প্রকল্প হতে পল্লী সঞ্চয় ব্যাংকে ইতোমধ্যে ১৭৬টি উপজেলার ডাটা মাইগ্রেশন সম্পন্ন হয়েছে। আগামী ৩১ ডিসেম্বর, ২০১৭ এর মধ্যে সকল উপজেলার ডাটা মাইগ্রেশন সম্পন্নের বিষয়টি প্রক্রিয়াধীন। প্রকল্পের সমিতিসমূহের ফান্ড এজেন্ট ব্যাংক ৩টিতে (ব্যাংক এশিয়া/ইউসিবিএল/বিসিবিএল) রয়েছে। উক্ত ফান্ড পল্লী সঞ্চয় ব্যাংকের নামে স্থানীয় সোনালী ব্যাংক শাখায় খোলা এসএনডি হিসাবে স্থানান্তরের জন্য সংশ্লিষ্ট ব্যাংক তিনটির দেয়া নির্ধারিত ফরমেটে সমিতিসমূহের পক্ষ হতে অনুরোধপত্র, সমিতির রেজুলেশন ইত্যাদি প্রেরণ করতে হয়। ইতোমধ্যে ১৭৬টি উপজেলার ডাটা পল্লী সঞ্চয় ব্যাংকে মাইগ্রেশন হয়েছে। ১০৫টি উপজেলার অনুরোধপত্র, রেজুলেশন ইত্যাদি পাওয়া গিয়েছে, তন্মধ্যে ৭৬টি শাখার কাগজপত্র উক্ত ব্যাংক তিনটিতে প্রেরণ করা হয়েছে।

০২। এজেন্ট ব্যাংকগুলোর চাহিদা মোতাবেক শাখাসমূহের নিকট হতে অনুরোধপত্র, সমিতির রেজুলেশন ইত্যাদি সংগ্রহ করে প্রকল্পের মাধ্যমে ব্যাংকগুলোতে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ শামসুল হক শাহ, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা-কে দায়িত্ব প্রদান করা হলো। তিনি প্রকল্পের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করে এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ ইসমাইল মিয়া)
সহকারী মহাব্যবস্থাপক

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

- ১) চেয়ারম্যান মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩) উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৪) সকল শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। যে সকল শাখা/উপজেলা কতৃক ফান্ড স্থানান্তরের বিষয়ে সংশ্লিষ্ট এজেন্ট ব্যাংকগুলোর চাহিদা মোতাবেক সমিতিসমূহের অনুরোধপত্র, রেজুলেশন ইত্যাদি এখনো প্রেরণ করা হয়নি, জরুরী ভিত্তিতে তা প্রেরণের জন্য পরামর্শ দেয়া হলো। তা'ছাড়া প্রকল্পের উপজেলা অফিসের ডাটা পল্লী সঞ্চয় ব্যাংকে মাইগ্রেশন হওয়ার ৩টি কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকের ফরমেট অনুযায়ী (যা প্রকল্পের ২৩.০৭.২০১৭ তারিখের ১৭০২ নং স্মারকের মাধ্যমে প্রেরণ করা হয়েছে) সকল সমিতির রেজুলেশন একত্রে করে প্রকল্প হতে পূর্বে প্রেরিত নমুনা মোতাবেক টপসীট তৈরী করে প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। উক্ত কার্যাদির হাল-নাগাদ তথ্যাদি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ শামসুল হক শাহ, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা (মোবাইল নং ০১৭১২৭৭৮৪৮১) এর নিকট এবং Forwarding এর কপি headoffice@pallisanchaybank.gov.bd ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫) অপিস কপি।